গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
এমপ্লয়ী ম্যানেজমেন্ট শাখা
www.dpdc.gov.bd
বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা- ১০০০

নম্বর: ২৭.৮৭.০০০০.০০০.৪০৪.১১.০০০৫.২০.১৭০১

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ / ০৫ নভেম্বর ২০২৬

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপিডিসি সরকারি মালিকানাধীন একটি কোম্পানী যার নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছ এবং চাকুরী বিধি (ডিপিডিসি'র ওয়েবসাইটে প্রদত্ত) অনুসারে নিয়োগ সম্পন্ন করে থাকে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে একদল অসাধু ব্যক্তি/প্রতিষ্ঠান চাকুরির প্রলোভন দেখিয়ে লেটারহেড প্যাড নকল ইত্যাদির মাধ্যমে ভুয়া নিয়োগপত্র প্রদানের নামে নিরীহ মানুষের সাথে প্রতারণা করে আর্থিক লেনদেনে জড়িয়ে থাকে যা ডিপিডিসি'র নিয়োগ প্রক্রিয়ার সাথে কোনভাবেই সম্পৃক্ত নয়। নিয়োগের নামে কোনরূপ আর্থিক লেনদেন অবৈধ ও আইনত দণ্ডনীয়। জনসাধারণকে এ জাতীয় প্রলোভনে পড়ে কোনরূপ অর্থ লেনদেন না করার জন্য অনুরোধ জানানো হলো। এ জাতীয় হীন প্রচেষ্টার সাথে জড়িতদের বিষয়ে সুনির্দিষ্ট তথ্যসহ অভিযোগ নিকটস্থ থানায় এবং ডিপিডিসির টেলিফোন নম্বর: ০২৪৭১২০১১৫ ও ইমেইল dgmhrerd@dpdc.gov.bd তে জানানোর জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অনুরোধ করা হলো।

ডিপিডিসি'র প্যাড নকল করে নাম ব্যবহার করে প্রতারণামূলক/ভুয়া নিয়োগের প্রলোভনে পড়ে কোনরূপ আর্থিক লেনদেন করলে তার দায়ভার সংশ্লিষ্ট ব্যক্তিকে বহন করতে হবে। ডিপিডিসি'র সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনভাবেই এ ধরণের লেনদেনের দায়-দায়িত্ব বহন করবে না।

০৫-১১-২০২৬
শারমিন রহমান
ম্যানেজার (এইচ আর)
ফোন : +৮৮০২২২৩৩৮৫২২৭
ইমেইল : dgmhrema@dpdc.org.bd

নম্বর: ২৭.৮৭.০০০০.০০০.৪০৪.১১.০০০৫.২০.১৭০১/১ (৫)

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ / ০৫ নভেম্বর ২০২৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
২। নির্বাহী পরিচালক (অ্যাডমিন এন্ড এইচ আর/ফিন্যান্স/ইঞ্জিনিয়ারিং/অপারেশনস/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।
৩। সকল চিফ ইঞ্জিনিয়ার/ সকল জেনারেল ম্যানেজার (এইচ.আর/ ফিন্যান্স/ আইসিটি)/ কোম্পানি সচিব, ডিপিডিসি।
৪। সিসিও টু ম্যানেজিং ডিরেক্টর/ ডিজিএম (এইচ.আর), [এমপ্লয়ী ম্যানেজমেন্ট (অ্যাডমিন)/ এমপ্লয়ী রিলেশন্স অ্যান্ড ডিসিপ্লিন/ পাবলিক রিলেশন্স], ডিপিডিসি।
৫। অফিস কপি/ মাস্টার ফাইল।





০৫-১১-২০২৬
ফজলে রাব্বী
ডেপুটি ম্যানেজার (এইচ আর)